একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত

শেখ হাসিনার উদ্যোগ


# বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-২

পোঃ ক্যাডেট কলেজ, বরিশাল

BARISAL PALLI BIDYUT SAMITY-2

ফোন ঃ অফিস ০২-৫৫০৬১৬১৮, অভিযোগ কেন্দ্র ০২-৫৫০৬১৬১১, ই-মেইল- barisalpbs2@gmail.com, ওয়েব সাইট- www.pbs2.barisal.gov.bd


স্মারক নং- ২৭.১২.০৬০৩.৫২৮.০২.০০৮.২৩.২৮৬২

তারিখ- ১৬/১০/১৪২৯ বঙ্গাব্দ।
৩০/০১/২০২৩ খ্রিঃ

## ঃ আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি ঃ

বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-২-এর লাইন টেকনিশিয়ান এর শূন্য পদ পুরণের লক্ষ্যে পদোন্নতির মাধ্যমে নিয়োগের নিমিত্ত পবিস কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিত-২০১২ খ্রিঃ) ও সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ ও ৩০০-২৪ অনুযায়ী পদোন্নতির জন্য যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন লাইনম্যান গ্রেড-১ গণের নিকট হতে নিম্নোক্ত শর্তাবলী সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

### পদের নাম ঃ- লাইন টেকনিশিয়ান।

প্রার্থীর যোগ্যতা ঃ-

০১। এসএসসি বা সমমানের (বিজ্ঞান বিভাগের অগ্রাধিকার) পাস সহ এবং লাইনম্যান গ্রেড-১ পদে নিয়মিত হিসেবে ০৩(তিন) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। তবে চাকুরীকাল কমপক্ষে ১০ বছর হতে হবে।

০২। বিদ্যুৎ বিতরণ সুবিধা সৃষ্টিতে লাইন নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও পরিচালন পর্যাপ্ত জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে।

০৩। পবিস নির্দেশিকা ৩০০-০৮ অনুযায়ী লাইনম্যান প্রশিক্ষণ সমাপ্ত হতে হবে।

০৪। বৈদ্যুতিক লাইন, স্টেকিং শীট, বাপবিবোর্ডের নির্মাণ নীতিমালা এবং বিতরণ লাইনের রক্ষণাবেক্ষণের জ্ঞান থাকতে হবে

০৫। জরুরী প্রাথমিক চিকিৎসার প্রশিক্ষণ ও মৌলিক জ্ঞান এবং অবশ্যই পোলে উঠা এবং পোলে উঠে কাজ করার সামর্থ থাকতে হবে।

০৬। অধীনস্থ লাইনক্রুগণকে সংগঠিত ও তত্ত্বাবধান করার ক্ষমতা থাকতে হবে।

০৭। কম্পিউটার পরিচালনা সম্পর্কে জ্ঞান কাম্য।

০৭। পবিস নির্দেশিকা ৩০০-২৪ অনুযায়ী প্রার্থীর লাইনম্যান গ্রেড-১ পদের সর্বশেষ ০৩ (তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়ন এর গড় রেটিং অবশ্যই নূন্যতম ৩.৫০ থাকতে হবে।

০৮। পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ ও ৩০০-২৪ অনুযায়ী সকল শর্ত সমূহ পূরণ হতে হবে।

শর্তাবলী ঃ-

০১॥ আবেদনকারীকে পদের নাম উল্লেখ করে সাদা কাগজে স্বহস্তে লিখিত আবেদন পত্রে (ক) নিজের নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) বর্তমান ও স্থায়ী ঠিকানা (ঙ) জন্ম তারিখ (চ) ধর্ম (ছ) বয়স (জ) জাতীয়তা (ঝ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা ও (ঞ) লাইনম্যান গ্রেড-১ পদে যোগদানের তারিখ ও নিয়মিতকরণের তারিখ ইত্যাদি উল্লেখ পূর্বক জেনারেল ম্যানেজার কর্তৃক সুপারিশকৃত আবেদনপত্র সহ আগামী ১৮/০২/২০২৩ খ্রিঃ তারিখ সকাল ১১-০০ ঘটিকায় বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, পোঃ ক্যাডেট কলেজ, বরিশাল এ যথাযথ স্বাস্থ্য বিধি মেনে স্ব শরীরে উপস্থিত হয়ে নিবাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে। আবেদন পত্রে নিম্নোক্ত কাগজ পত্র / দলিলাদি সংশ্লিষ্ট এজিএম (মানব সম্পদ / প্রশাসন) কর্তৃক সত্যায়িত করতে হবে।

০২॥ আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত কাগজ পত্র এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত পূর্বক সংযুক্ত করতে হবে।

ক) বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরন পত্রের ফটোকপি।

খ) পবিস নির্দেশিকা ৩০০-০৮ অনুযায়ী প্রশিক্ষণ ও বিভাগীয় পরীক্ষায় কৃতকার্য হওয়ার প্রমাণ পত্রের ফটোকপি।

গ) সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়ণ প্রতিবেদনের সত্যায়িত অনুলিপি।

ঘ) শিক্ষাগত যোগ্যতার ও অভিজ্ঞতার সনদ পত্রের সত্যায়িত ফটোকপি।

ঙ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান / পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি।

চ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।

ছ) হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি (মূল ড্রাইভিং লাইনসেন্স সঙ্গে আনতে হবে)।

জ) সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙ্গিন ছবি।

ঝ) আবেদন পত্রের সহিত সিনিয়র জেনারেল ম্যানেজার, জেনারেল ম্যানেজার-এর সুপারিশ, বিনা আপত্তির সনদ এবং বিগত ০৫ বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা (যদি থাকে বা না থাকে)-এর প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে।

ঞ) বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নাই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

চলমান পাতা-০২

০৩॥ **পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত প্রার্থীকে বিবেচনা করা হবে না।**

ক) সর্বশেষ ০৩ (তিন) বছরের মধ্যে কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন ;
খ) সর্বশেষ ০১ (এক) বছরের মধ্যে কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন ;
গ) বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে একের অধিকবার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন ;
ঘ) বিগত ০৪ (চার) বছরের মধ্যে একবার গুরুদন্ড ও একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন ;
ঙ) বিগত ০৩ (তিন) বছরের মধ্যে একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন ;
চ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত / ঘোষিত হয়েছেন ;

০৪॥ **পদোন্নতির ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালা সকল শর্তাদি প্রযোজ্য হবেঃ**

ক) ৩০০-১৪ এ সংশ্লিষ্ট এর পদের " পদ বিবরনীতে " উল্লেখিত শর্তাদি পূরণ করতে হবে।
খ) পদোন্নতির বিষয়ে পবিস নির্দেশিকা ৩০০-২৪ অনুচ্ছেদ এ উল্লেখিত বিধান / শর্তাদি পূরণ করতে হবে।
গ) পবিস কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিত-২০১২ খ্রিঃ) এর ধারা ৭,১৪ এবং ১৬ প্রতিপালন করা হবে।
ঘ) সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী প্রার্থীর বেতন ভাতাদি সংরক্ষণ করা হবে।

০৫॥ নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ বৎসরের জন্য চলতি দায়িত্ব পদে নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্ব চলাকালীন কর্মসম্পাদনের মান সন্তোষজনক হওয়া সাপেক্ষে চাকুরীতে নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি / পূর্ববর্তী পদে প্রত্যাবর্তন করা হবে।

০৬॥ অতীত কর্মসম্পাদনের মান সন্তোষজনক হওয়া সাপেক্ষে যোগ্যতা সম্পন্ন আবেদনকারীগণের মধ্য হতে জ্যেষ্ঠ প্রার্থীকে উক্ত পদে নিয়োগের জন্য বিবেচনা করা যেতে পারে।

০৭॥ পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নয়। অত্র পবিস-এর ভৌগলিক এলাকার স্থায়ী বাসিন্দা এবং অত্র সমিতির এলাকা পরিচালক / মহিলা পরিচালক বা কর্মকর্তা / কর্মচারীদের স্বামী / স্ত্রী বা রক্ত সম্পর্কীয় কাহারো আবেদন করার প্রয়োজন নাই। তথ্য গোপন কওে কোন প্রার্থী আবেদন করলে/নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮॥ পবিস চাকুরী বিধির ধারা ৭ মোতাবেক চাকুরী বৃত্তান্ত সন্তোষজনক হতে হবে।

০৯॥ ইতিপূর্বে অন্য কোন পবিস এর চাকুরী হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

১০॥ পদোন্নতি প্রদানের ক্ষেত্রে "পবিস চাকুরী বিধি (সংশোধিত -২০১২)" এবং পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ ও ৩০০-২৪ প্রতিপালন করা হবে।

১১॥ নির্বাচনী সাক্ষাতকারের উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২॥ নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ সাদেকুর রহমান)
জেনারেল ম্যানেজার (চ. দা.)

অনুলিপিঃ জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়( বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থার অনুরোধসহ)।

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যাঃ পঃ (দঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বাপবিবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার --------------পবিস-১/২/৩।
০৬। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, বরিশাল।
০৭। জেলা প্রশাসক/পুলিশ সুপার, বরিশাল।
০৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা------------------------বরিশাল।
০৯। ডিজিএম, সদর-কারিগরী/আগৈলঝাড়া/গৌরনদী/উজিরপুর জোনাল অফিস, বপবিস-২।
১০। এজিএম (ওএন্ডএম), বানারীপাড়া সাব জোনাল অফিস, বপবিস-২।
১১। এজিএম (অর্থ-হিসাব/এম এস) বপবিস-২।
১২। এজিএম (আইটি), বপবিস-২ (অত্র পবিস এর ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনা সহ)
১৩। নোটিশ বোর্ড, বরিশাল পবিস-২।
১৪। অফিস কপি/মাষ্টার কপি।
১৫। ওয়েব সাইট www.pbs2.barisal.gov.bd

(মোঃ সাদেকুর রহমান)
জেনারেল ম্যানেজার (চ. দা.)

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি

ISO 9001:2015 Certified

# ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি
BHOLA PALLI BIDYUT SAMITY

মুজিব ১০০

সদর দপ্তর,
বাংলাবাজার, ভোলা।
E-mail: bhopbs@gmail.com
Web site: www.pbs.bhola.gov.bd

স্মারক নং-২৭.১২.০৯২৯.৫৫৬.০২.০০৮.২৩. ২৮৭

তারিখঃ ১১ মাঘ, ১৪২৯ বঃ
২৫ জানুয়ারি, ২০২৩ খ্রিঃ

## "আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি-এর নিম্নবর্ণিত চুক্তিভিত্তিক পদে লোকবল নিয়োগ/প্যানেল প্রস্তুতের নিমিত্ত আগ্রহী **প্রাক্তন মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)** গণের নিকট হতে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে নির্ধারিত ফরমে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল | প্রার্থীর যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | **মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)** | ৩৭ (সাঁইত্রিশ) টি কম/বেশী হতে পারে। | পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৪,৭০০.০০ হতে ২৬,৪৮০.০০ টাকা সহ পবিস নির্দেশিকা/ সার্কুলার অনুযায়ী অন্যান্য ভাতাদি। | ০১। **বয়সসীমাঃ**<br>প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা ৫২ (বায়ান্ন) বছর **(১৬/০২/২০২৩খ্রিঃ তারিখে)। তবে সর্বোচ্চ ০৯ (নয়) বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যেটি আগে আসে) চাকুরী করতে পারবেন।**<br>০২। **অভিজ্ঞতাঃ**<br>পল্লী বিদ্যুৎ সমিতিতে মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/ মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৩ (তিন) বছর/০৬ (ছয়) বছর/ ০৯ (নয়) বছর ধারাবাহিক ও সন্তোষজনকভাবে কর্মসম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে। অভিজ্ঞতা সনদপত্র ব্যতিত আবেদন গ্রহণযোগ্য হবে না।<br>০৩। **অন্যান্য যোগ্যতাঃ**<br>ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত, ব্যক্তিত্ব সম্পন্ন, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।<br>খ) প্রার্থীর নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে এবং বাই- সাইকেল চালনায় পারদর্শী হতে হবে।<br>গ) প্রার্থীকে পাটিগণিতের মৌলিক বিষয়ে অর্থাৎ যোগ, বিয়োগ, গুন, ভাগ ইত্যাদি সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে।<br>ঘ) **অভিজ্ঞতার শর্তের বাহিরে সমিতিতে মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুঃভিঃ) পদে চাকুরী করে নাই এই রকম প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।** |

### ০১। চুক্তির সময়কালঃ
নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বছর মেয়াদের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ করা হবে। চুক্তিকালীন কাজকর্ম ও প্রতি বছরের কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে চুক্তিকালীন সময় উত্তীর্ণ হওয়ার পর কর্তৃপক্ষের ইচ্ছাক্রমে ন্যূনতম ২/১ দিন বিরতি দিয়ে পুনরায় ০৩ (তিন) বছর মেয়াদে ২য় চুক্তি সম্পাদন এবং একই নিয়মে সুষ্ঠুভাবে কর্মসম্পাদনের পর সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে পুনরায় আরও ০৩ (তিন) বছর মেয়াদের জন্য ৩য় চুক্তি সম্পাদন করা যেতে পারে। তবে সর্বোচ্চ (০৩+০৩+০৩) = ০৯ (নয়) বছর অথবা ৫৫ বছর বয়স পর্যন্ত (যেটি আগে আসে) অত্র সমিতিতে চাকুরীতে নিয়োজিত থাকতে পারবেন।

### শর্তাবলীঃ

### ০২। আবেদনপত্র পূরণ ও জমাদানঃ
আগ্রহী প্রার্থীগণ ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি এর ওয়েব সাইট (**Web: www. pbs.bhola.gov.bd**) হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ ১১০-০০২,ভার্সন-০১) ডাউন লোড পূর্বক A-4 সাইজের কাগজে প্রিন্ট করে **প্রার্থী নিজ হাতে/টাইপকৃত যথাযথভাবে পূরণ করে আগামী ১৫/০২/২০২৩ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের (বেলা ২:০০ ঘটিকা) মধ্যে জেনারেল ম্যানেজার, ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি, বাংলাবাজার, ভোলা এর বরাবরে ডাকযোগে/কুরিয়ার সার্ভিস যোগে আবেদন প্রেরণ করতে হবে।** অসম্পূর্ণ, নির্ধারিত ফরম ব্যতিত অন্য কোন ফরম, সাদাকাগজে/ সরাসরি কোন আবেদনপত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

### ০৩। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ
ক) ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি।
খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ এর সত্যায়িত অনুলিপি।
গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি।
ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/ পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ পত্র।
ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার অথবা বিআরইবি/ পবিস এর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ পত্র।
চ) **সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত "অভিজ্ঞতা সনদ" যা এজিএম (প্রশাসন/এইচআর)কর্তৃক সত্যায়িত থাকতে হবে।**

চলমান পৃষ্ঠা-০২

**০৪। অন্যান্য শর্তাবলীঃ**

ক) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে ভোলা পল্লী বিদ্যুৎ সমিতির অনুকূলে **১০,০০০.০০ (দশ হাজার) টাকা** নিরাপত্তা জামানত হিসেবে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনকভাবে চুক্তি সমাপনান্তে নির্ধারিত হারে মুনাফাসহ ফেরত প্রদান করা হবে।

খ) অত্র সমিতির ভৌগোলিক এলাকার প্রার্থী অর্থাৎ **ভোলা পল্লী বিদ্যুৎ সমিতির ভৌগোলিক এলাকার প্রার্থী এবং বরিশাল জেলার মেহেন্দীগঞ্জ উপজেলাধীন শ্রীপুর ও আলিমাবাদ ইউনিয়ন, পটুয়াখালী জেলার দশমিনা উপজেলাধীন চরবোরহান ইউনিয়ন, গলাচিপা উপজেলাধীন চরকাজল ও চরবিশ্বাস ইউনিয়ন, রাঙ্গাবালী উপজেলাধীন চরমোন্তাজ ইউনিয়ন, লক্ষীপুর জেলার সদর উপজেলাধীন রামগতি ইউনিয়ন এর স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নাই।**

গ) অত্র পবিসের এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও পবিসের কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী-স্ত্রীগণের রক্তের সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না।

ঘ) কোন সমিতির সাথে চলমান চুক্তির মেয়াদ উর্ত্তীণের পূর্বে কোন কারণে কোন মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) যদি স্বেচ্ছায় অব্যাহতি প্রাপ্ত/ অপসারিত/ চাকুরীচ্যুত হন বা শৃঙ্খলা বিরোধী কাজে জড়িত থাকেন অথবা মেয়াদ পূর্তির পূর্বেই স্বেচ্ছায় অবসর গ্রহণ করেন অথবা দেশের ফৌজদারী আদালত কর্তৃক দন্ড প্রাপ্ত হন, তাহলে সেই প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই। যদি কেউ তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হন তবে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে চাকুরী হতে বরখাস্তসহ আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঙ) যে সকল প্রার্থী ইতিপূর্বে অত্র পবিসে মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/ মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৯ (নয়) বৎসর কর্মরত ছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।

চ) দুই বা তার অধিক সহোদরের যে কোন একজন আবেদন করতে পারবেন। দুই সহোদর নিয়োগ প্রাপ্ত হলেও পরবর্তীতে তা প্রমাণিত হলে নিয়োগ প্রাপ্ত উভয়ের চুক্তি বাতিল করা হবে।

ছ) প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কেউ তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে বরখাস্ত করণ সহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

জ) অভিজ্ঞতা সনদপত্রে উল্লেখিত প্রতিটি চুক্তিকাল তারিখ সহ ছকে উল্লেখ পূর্বক বর্ণনা, জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি (কোন পবিসে কত তারিখ হতে কত তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করেছেন/ করছেন) স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

ঝ) অসম্পূর্ণ/ভুল আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

ঞ) বাপবিবোর্ডের স্মারক নং- ২৭.১২.০০০০.১১০.৫৮.০০১.১৮.৩৬২৫, তারিখ- ১২ নভেম্বর ২০১৮খ্রিঃ এর নির্দেশনা অনুসরন করে চাকুরীকাল (On Job Service Length) বিবেচনা করতঃ জ্যেষ্ঠতা নির্ধারণ পূর্বক প্যানেল প্রস্তুত করা হবে।

ট) চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার এর চাকুরী শুধুমাত্র চুক্তির মেয়াদকালীন সময়ের মধ্যেই বলবৎ থাকবে; যা কখনো কোনক্রমেই নিয়মিত হবে না।

ঠ) ইতিপূর্বে পুলিশ ভেরিফিকেশন না হয়ে থাকলে চাকুরীতে যোগদানের পর প্রার্থীর প্রাক-পরিচয় ও অন্যান্য তথ্য যাচাই করার জন্য পুলিশ ভেরিফিকেশন সম্পাদন করা হবে এবং সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন ব্যতীত চুক্তি নবায়ন করা হবে না। পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক না হলে চুক্তি বাতিল পূর্বক অব্যাহতি প্রদান করা হবে।

ড) চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জারগণ কোন বিদ্যুৎ সংক্রান্ত ব্যবসা, রাজনীতি বা অন্য কোন প্রতিষ্ঠানে চাকুরীতে সার্বক্ষনিক বা খন্ডকালীনভাবে নিয়োজিত হতে বা থাকতে পারবেন না।

ঢ) বাপবিবোর্ডের সর্বশেষ নীতিমালার আলোকে প্যানেল প্রস্তুত করা হবে।

ণ) নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

25.01.23

(মোঃ আলতাপ হোসেন)
জেনারেল ম্যানেজার

চলমান পৃষ্ঠা-০৩

**অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে (বহুল প্রচারের জন্য নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ) জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়।**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিঃ ও ব্যঃ পঃ (দঃ অঃ) /পবিস মানব সম্পদ ব্যবস্থাপনা পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী,আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা। **(বাপবিবো এর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)**
০৪। জেলা প্রশাসক/পুলিশ সুপার, ভোলা।
০৫। একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়, বাপবিবো,ঢাকা।
০৬। একান্ত সচিব, সদস্য (সমিতি ব্যবস্থাপনা), বাপবিবো, ঢাকা।
০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.......................... পবিস-১/২/৩/৪। **(বিজ্ঞপ্তি ও আবেদন ফরম আপনার পবিসের মানব সম্পদ/প্রশাসন বিভাগে সংরক্ষণ পূর্বক প্রার্থীগণের চাহিদা অনুযায়ী সরবরাহের বিশেষ অনুরোধসহ)**
০৮। নির্বাহী প্রকৌশলী, বাপবিবোর্ড, ভোলা।
০৯। উপজেলা নির্বাহী অফিসার, ভোলা সদর/দৌলতখান/বোরহানউদ্দিন/তজুমদ্দিন/লালমোহন/চরফ্যাশন/মনপুড়া, ভোলা।
১০। ডিজিএম, চরফ্যাশন/লালমোহন/পরাগঞ্জ জোনাল অফিস/কারিগরী, ভোলা পবিস।
১১। এজিএম (অর্থ/এমএস/ ইএন্ডসি/ওএন্ডএম/প্রশাসন), ভোলা পবিস।
১২। এজিএম (আইটি), ভোলা পবিস **(ওয়েব সাইটে প্রকাশের জন্য)।**
১৩। নোটিশ বোর্ড, ভোলা পবিস।
১৪। অফিস কপি/মাস্টার কপি।

২৫-০৫-২৩

(মোঃ আলতাপ হোসেন)
জেনারেল ম্যানেজার

ফরম নং-পমাসপ ১১০-০০২,
ভার্সন-০১,
অনুমোদিত তারিখঃ ২৭/০৪/২০১৪ খ্রিঃ
ফরম নং-পমাসপ ১১০-০০২, ভার্সন-০১, তারিখঃ

# ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি-তে মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে নিয়োগ/প্যানেল তৈরীর আবেদন ফরম।

(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্ব-হস্তে পূরণ করতে হবে)

পার্সপোর্ট সাইজের এক কপি ছবি এ ঘরে আইকা/আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেনীর কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে।

জেনারেল ম্যানেজার
ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি
বাংলাবাজার, ভোলা।

১. নিয়োগ বিজ্ঞপ্তি নং------------------------------ ------------------------ ৩. পদের ধরণঃ ----------------------

২. আবেদনকৃত পদের নাম
(বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে)

-------------------------------------------------- ------------------------------------------

৪. বিজ্ঞাপনের সূত্র /পত্রিকার নাম ৫. প্রকাশনার তারিখ

--------------------------------- ----------------------------- -------------------------------------------

৬. আবেদনকারীর পূর্ন নাম (বাংলায়) (বড় হাতের অক্ষরে ইংরেজীতে) ৭. জন্ম তারিখ (এস.এস.সি পরীক্ষার সনদ/নিবন্ধন অনুযায়ী)

---------------------------------------------- -------------------(দিন/মাস/বছর)

৮. পিতার নাম ৯. বয়স (১৫/০২/২০২৩ খ্রিঃ তারিখে)

---------------------------------------------- --------------------------------------

১০. মাতার নাম ১১. ধর্ম

---------------------------------------------- ---------------------------------------

১২. জাতীয়তা ১৩. নিজ জেলা

----------------------------------------------

১৪. টেলিফোন/মুঠোফোন নম্বর ১৫. বৈবাহিক অবস্থা টিক (√) দিনঃ ☐ বিবাহিত ☐ অবিবাহিত

১৬. কোন কোটায় সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (√)দিনঃ

☐ মহিলা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যার পুত্র-কন্যা ☐ এতিম ও শারীরিক প্রতিবন্ধি

☐ উপজাতি ☐ আনছার ও গ্রাম প্রতিরক্ষা ☐ অন্যান্য

১৭. স্থায়ী ঠিকানাঃ

-------------------- ---------------- --------------------- ----------------------------

ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা/থানা ঘ. জেলা

১৮. যে ঠিকানায় প্রার্থী প্রবেশপত্র/নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুকঃ

-------------------- ---------------- --------------------- ----------------------------

ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা/থানা ঘ. জেলা

---------------------------------------- ---------------------------------------- --------------------

১৯.ব্যাংক ড্রাফট নম্বর ২০. ব্যাংক ড্রাফট-এর মূল্য ২১. ইস্যুর তারিখ

২২. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে)ঃ

| **উত্তীর্ন পরীক্ষার নাম** | **শিক্ষাপ্রতিষ্ঠানের নাম** | **সিজিপিএ/বিভাগ/শ্রেনী** | | **সার্টিফিকেট/ডিগ্রি অর্জনের বছর** |
|---|---|---|---|---|
| | | **সিজিপিএ স্কেল** | **প্রাপ্ত বিভাগ/শ্রেনী/গ্রেড** | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

২৩. অভিজ্ঞতার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হতে হবে)ঃ

২৪. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে)ঃ

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর/পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |

২৫. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত)ঃ

| **ক্রমিক** | **নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/মুঠোফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে)** |
|---|---|
| ০১. | |
| ০২. | |

২৬. পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত বিভাগীয় প্রার্থীদের জন্য (পবিস নির্দেশিকা ৩০০-১৪ অনুযায়ী নিম্নের তথ্য প্রদেয় হবে)ঃ

| কর্মরত পবিসের নাম | পদের নাম | বর্তমান পদে মোট চাকুরীকাল | প্রযোজ্য আবশ্যিক সকল প্রশিক্ষণে উত্তীর্ন কি না (হ্যাঁ/না) জবাব হ্যা* হলে সনদ সংযুক্ত করতে হবে। | পবিস কর্মচারী চাকুরী বিধি অনুযায়ী কোন দন্ড প্রদত্ত হলে দন্ডের তারিখ ও দন্ডের বিবরণ (গুরুদন্ড/লঘুদন্ড) |
|---|---|---|---|---|
| | | | | |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্ব-হস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদন পত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমানিত হয়, তাহলে বাপবিবোর্ড/পবিস কর্তৃপক্ষের নিকট আবদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবে এবং আমার বিরুদ্ধে বাপবিবো কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকব। লিখিত পরীক্ষায় উত্তীর্ন হয়ে যদি আমি মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হই, সেক্ষেত্রে মৌখিক পরীক্ষায় সাক্ষাৎকার প্রদানের সময় কর্তৃপক্ষের নিকট আমার সকল শিক্ষাগত যোগ্যতা , জাতীয়তা সনদ এবং অভিজ্ঞতার সনদ এর ০২ (দুই) সেট অবিকল প্রতিলিপি ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত পূর্বক সরবরাহ করতে এবং মূল সনদসমূহ প্রদর্শণ করতে বাধ্য থাকব।

------------------------ -----------------------------

তারিখ আবেদনকারীর স্বাক্ষর

**বিঃ দ্রঃ সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় বা পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।**

E:\Bristy\AGM (HR) 2022\MR CM Abedom Format.docx

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি

ISO 9001:2015 Certified

# ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি
BHOLA PALLI BIDYUT SAMITY

মুজিব ১০০

সদর দপ্তর,
বাংলাবাজার, ভোলা।
E-mail: bhopbs@gmail.com
Web site: www.pbs.bhola.gov.bd

স্মারক নং-২৭.১২.০৯২৯.৫৫৬.০২.০০৮.২৩. ২৭০

তারিখঃ ১১ মাঘ, ১৪২৯ বঃ
২৫ জানুয়ারি, ২০২৩ খ্রিঃ

## আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি

ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি এ 'অফিস সেক্রেটারী' পদে শূন্য পদ পূরণের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ এবং পবিস চাকুরীবিধি, ১৯৯২ (সংশোধিত-২০১২) মোতাবেক পদোন্নতির যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন কম্পিউটার অপারেটর পদে কর্মরতগণের নিকট হতে নিম্নে উল্লিখিত শর্তসাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা : |
|---|---|---|---|
| ০১ | অফিস সেক্রেটারী | ০১ (একটি) | ক) কম্পিউটার অপারেটর পদে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ) প্রতি মিনিটে ন্যূনতম ইংরেজী ৬০ (ষাট) এবং বাংলায় ৪০ (চল্লিশ) শব্দ শ্রুতি লিখনের দক্ষতা থাকতে হবে।<br>গ) প্রতি মিনিটে ন্যূনতম ইংরেজী ৩৫ (পঁয়ত্রিশ) এবং বাংলায় ৩০ (ত্রিশ) শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে।<br>ঘ) কম্পিউটার উইন্ডোজ অপারেটিং সিস্টেম সম্পর্কিত জ্ঞান থাকতে হবে।<br>ঙ) কম্পিউটার অপারেটর পদে সর্বশেষ ০৩ বছরের কর্মমূল্যায়ন রেটিং ৩.৫০ থাকতে হবে।<br>চ) বাংলা ইংরেজী ব্যাকরণসহ বানান, বিরাম চিহ্ন ব্যবহার ও বাক্য গঠনে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।<br>ছ) দাপ্তরিক চিঠিপত্র, তথ্যাদি, রিপোর্ট ইত্যাদি নথিভুক্ত করণের পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।<br>জ) দর্শনার্থীর সাথে সৌজন্যমূলক ও মাধুর্যপূর্ণ আচরণ করার সক্ষমতা থাকতে হবে।<br>ঝ) পবিস নির্দেশিকা ৩০০-১৪ ও ৩০০-২৪ অনুযায়ী সকল শর্তসমূহ পূরণ করতে হবে। |

**শর্তাবলীঃ**

**০১। আবেদন করার নিয়মাবলীঃ**

আবেদনকারীকে পদের নাম উল্লেখ করে সাদা কাগজে লিখিত আবেদনপত্রে (ক) নিজের নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স, (জ) জাতীয়তা, (ঝ) ধর্ম, (ঞ) শিক্ষাগত যোগ্যতা, (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, (ঠ) চাকুরীতে নিয়মিত করণের তারিখ উল্লেখপূর্বক স্বহস্তে লিখিত আবেদন পত্রসহ আগামী **১৫/০২/২০২৩ খ্রিঃ তারিখ রোজ বুধবার সকাল ১১.০০ ঘটিকায় ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, বাংলাবাজার, ভোলা-এ** উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

**০২। আবেদন পত্রের সাথে নিম্নেবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ**

(ক) বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরণ পত্রের অনুলিপি।

(খ) বিগত ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের অনুলিপি।

(গ) সম্প্রতি তোলা ০২ (দুই) কপি রঙ্গিন পাসপোর্ট সাইজের ছবি।

(ঘ) আবেদনকারীকে পদোন্নতি প্রদানের জন্য কর্মরত পবিস এর সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশ, অনাপত্তি সনদ ও বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা (যদি থাকে/না থাকে) এর প্রত্যয়নপত্র এবং সমগ্র চাকুরী জীবনে দন্ড প্রাপ্ত হলে তার বিবরণসহ দাখিল করতে হবে।

(ঙ) বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নাই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

(চ) সকল কাগজপত্র বর্তমানে কর্মরত পবিসের এজিএম (এইচআর/প্রশাসন) কর্তৃক সত্যায়িত হতে হবে।

**০৩। পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত প্রার্থীকে বিবেচনা করা হবে নাঃ**

(ক) সর্বশেষ ০৩ (তিন) বছর কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(খ) সর্বশেষ ০১ (এক) বছর কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(গ) বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একের অধিক বার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(ঘ) বিগত ০৪ (পাঁচ) বছরের ভিতর একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(ঙ) বিগত ০৩ (তিন) বছরের ভিতর একের অধিক বার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(চ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন;

(ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত এবং চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন সময়কালে কোন কর্মচারী পদোন্নতির জন্য বিবেচিত হবেন না;

(জ) কোন কর্মচারীর বিরুদ্ধে দপ্তর কর্তৃক দায়েরকৃত ফৌজদারী মামলা চলমান থাকলে তিনি তৎসময়কালে পদোন্নতির জন্য বিবেচিত হবেন না;

**৪। পদোন্নতির ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালার সকল শর্তাদি প্রযোজ্য হবেঃ**

(ক) সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৪ এর সংশ্লিষ্ট " পদ বিবরণী" তে উল্লিখিত সকল শর্তাদি পূরণ করতে হবে।

(খ) পদোন্নতির বিষয়ে সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-২৪ অনুচ্ছেদ-এ উল্লেখিত বিধান/শর্তাদি পূরণ করতে হবে।

(গ) পবিস কর্মচারী চাকুরীবিধি, ১৯৯২ (সংশোধিত-২০১২) এর ধারা ৭, ১৪ এবং ১৬ প্রতিপালন করা হবে।

০৫। সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী বেতন ভাতাদি সংরক্ষণ করা হবে।

০৬। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নয়। তবে ভোলা পবিস এর ভৌগোলিক এলাকার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না।

০৭। পদোন্নতি প্রদানের ক্ষেত্রে ভোলা পবিস কর্মচারী চাকুরীবিধি, ১৯৯২ (সংশোধিত ২০১২) এর ০৭ ধারা যথাযথভাবে অনুসরণ করা হবে। উক্ত ধারা মোতাবেক কেউ যোগ্যতা সম্পন্ন না হলে আবেদন করার প্রয়োজন নাই।

০৮। ইতঃপূর্বে অন্য কোন পবিস এর চাকুরী হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

০৯। পদোন্নতি প্রদানের ক্ষেত্রে ভোলা পবিস কর্মচারী চাকুরীবিধি, ১৯৯২ (সংশোধিত ২০১২) এবং সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৪ ও ৩০০-২৪ যথাযথভাবে প্রতিপালন করা হবে।

১০। অতীত কর্মসম্পাদনের মান সন্তোষজনক হওয়া সাপেক্ষে যোগ্যতাসম্পন্ন প্রার্থীগণের মধ্য হতে জ্যেষ্ঠতার ভিত্তিতে নিয়োগের জন্য বিবেচনা করা যেতে পারে।

১১। মৌখিক নির্বাচনী পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

25.01.23

(মোঃ আলতাপ হোসেন)
জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের জন্য অনুরোধ করা হলো।)**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর/পবিস মনিটরিং ও ব্যঃ পঃ(দঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট,আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। **(বাপবিবোর ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিনীত অনুরোধ করা হল।)**
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার -------------------পবিস-১/২/৩/৪ (যোগ্যতা সম্পন্ন প্রার্থীদেরকে অবহিত করণসহ তাদের আবেদনপত্র সুপারিশসহ অগ্রায়নের জন্য অনুরোধ করা হল।)

০৫। ডিজিএম, চরফ্যাশন/ লালমোহন/পরানগঞ্জ জোনাল অফিস/ সদর- কারিগরী, ভোলা পবিস।
০৬। এজিএম (এমএস/ওএন্ডএম/অর্থ), ভোলা পবিস।
০৭। এজিএম (ওএন্ডএম), দঃ আইচা/তজুমদ্দিন/বোরহানউদ্দিন সাব-জোনাল অফিস, ভোলা পবিস।
০৮। এজিএম (আইটি), ভোলা পবিস **(ওয়েব সাইটে প্রকাশের জন্য)।**
০৯। নোটিশ বোর্ড, ভোলা পবিস।
১০। অফিস/মাষ্টার কপি।

25.01.23

(মোঃ আলতাপ হোসেন)
জেনারেল ম্যানেজার

কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি
মুকসেদপুর, কিশোরগঞ্জ
মানব সম্পদ বিভাগ
ওয়েব: pbs.kishoreganj.gov.bd

নম্বর ২৭.১২.৪৮৪৯.৫৩৪.০২.০০৮.২৩.১২৩

তারিখ: ১৮ মাঘ ১৪২৯
০১ ফেব্রুয়ারি ২০২৩

## বিলিং সহকারী "কাজ নাই মজুরী নাই" পদে নিয়োগ বিজ্ঞপ্তি

কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতিতে নিম্নবর্ণিত **বিলিং সহকারী "কাজ নাই মজুরী নাই" পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে** লোকবল নিয়োগের নিমিত্তে যোগ্যতাসম্পন্ন কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির ভৌগোলিক এলাকার মহিলা প্রার্থীদের নিকট হতে নির্ধারিত ফর্মে স্বহস্তে পূরণকৃত নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | শূণ্য পদের সংখ্যা | বয়স | যোগ্যতা ও অভিজ্ঞতা | মজুরী | যে জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|---|
| ০১ | বিলিং সহকারী "কাজ নাই মজুরী নাই" (মহিলাদের জন্য সংরক্ষিত) | ০৭ টি (নিয়োগ প্রদানকালীন এ সংখ্যা কম/ বেশি হতে পারে) | ২৮/০২/২০২৩ খ্রিঃ তারিখে সর্বনিম্ন ১৮ হতে সর্বোচ্চ ৩০ বৎসর পর্যন্ত এবং ২৫/০৩/২০২০ খ্রিঃ তারিখে যে সকল প্রার্থীর বয়স সর্বোচ্চ বয়স সীমার মধ্যে রয়েছে সে সকল প্রার্থীও আবেদন করতে পারবে।(মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর পর্যন্ত) | (ক) এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান উভয় পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ২.৫০ পেয়ে উত্তীর্ণ হতে হবে।<br>(খ) প্রার্থীর কম্পিউটারে ও গাণিতিক বিষয়ে ভাল জ্ঞান থাকতে হবে।<br>(গ) প্রার্থীকে বাংলায় প্রতি মিনিটে নূন্যতম ২০ (বিশ) শব্দ ও ইংরেজিতে প্রতি মিনিটে নূন্যতম ৩০ (ত্রিশ) শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে। | দৈনিক ৮০০/- (আটশত) টাকা। | অত্র পবিস এর ভৌগোলিক (কিশোরগঞ্জ সদর, করিমগঞ্জ, পাকুন্দিয়া, কটিয়াদী, হোসেনপুর, তাড়াইল, নিকলী, অষ্টগ্রাম, ইটনা, মিঠামইন, নান্দাইল এবং বাজিতপুরের হুমাইপুর) এলাকার প্রার্থীগণ আবেদন করতে পারবে। |

**শর্তাবলীঃ**

1. নির্ধারিত আবেদন ফরম (ফরম নং-১) বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ওয়েবসাইট **www.reb.gov.bd** অথবা কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর ওয়েবসাইট **www.pbs.kishoreganj.gov.bd** হতে ডাউনলোড করে সংগ্রহ করতে হবে। (পূরণযোগ্য প্রবেশপত্রসহ) আবেদন ফরম A-4 সাইজের কাগজে হতে হবে।
2. নির্ধারিত আবেদন ফরম ( ফরম নং-১) ব্যতীত অন্য কোন আবেদন ফরম –এ আবেদন করলে আবেদন বাতিল বলে গণ্য হবে এবং আবেদন ফরমটি আবেদনকারীকে স্বহস্তে পূরণ করতে হবে।
3. অসম্পূর্ণ আবেদনপত্র তথা নির্ধারিত আবেদনপত্রটি যথাযথভাবে পূরণ করা না হলে বা আংশিক পূরণ করা হলে বা ভুল

তথ্য প্রদান করা হলে বা স্বাক্ষর করা না হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে আবেদনপত্র বাছাই প্রক্রিয়ায় অর্থাৎ লিখিত পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদনপত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সেক্ষেত্রে প্রযোজ্য নয় উল্লেখ করতে হবে ।

4. আবেদনপত্রের সঙ্গে প্রার্থীর চাহিত সকল শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদপ্রত্রের ফটোকপি (মার্কশীট/প্রশংসাপত্র গ্রহণযোগ্য নয়), নাগরিকত্ব সনদ , সদ্য তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট আকারের ছবি (১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে) দাখিল করতে হবে এবং জেনারেল ম্যানেজার, কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, মুকসেদপুর, কিশোরগঞ্জ এর অনুকূলে ১০০.০০ (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে।
5. বর্ণিত শূণ্য পদের সংখ্যা নিয়োগ প্রদানকালীন কম/বেশী হতে পারে ।
6. প্রার্থী কর্তৃক তার শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা , জন্ম তারিখ, বয়স, স্থায়ী ঠিকানা, নিজ জেলাসহ আবেদনপত্রে প্রদত্ত অন্যান্য যে কোন তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অসঙ্গতিপূর্ণ প্রমানিত হলে তার প্রার্থীতা বাতিল করা হবে।
7. **এধরণের অস্থায়ী ভিত্তিতে নিয়োগ কোনক্রমেই স্থায়ী করা হবে না। যতদিন প্রয়োজন ততদিন “কাজ নাই মজুরী নাই” ভিত্তিতে এ নিয়োগ বলবৎ থাকবে ।**
8. কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
9. **আবেদনপত্র ২৮/০২/২০২৩ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, মুকসেদপুর, কিশোরগঞ্জ এর বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের এর মাধ্যমে প্রেরণ করতে হবে। নির্ধারিত আবেদন ফর্ম ব্যতীত অন্য কোন আবেদন ফর্মে/সাদা কাগজে/টাইপকৃত/সরাসরি কোন আবেদনপত্র অথবা উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।**
10. লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
11. মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূল কপি দাখিল করতে হবে।
12. অত্র সমিতির এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রী এর রক্তের সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেওন না।
13. **খামের উপর অবশ্যই বড় অক্ষরে পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে ।**
14. **নিয়োগের জন্য কোন প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা হিসাবে গণ্য করা হবে।**
15. নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১-২-২০২৩
জুলফিকার
জেনারেল ম্যানেজার (চলতি দায়িত্ব)
ইমেইল: kishpbs@yahoo.com

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

২) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

৩) পরিচালক (প্রশাসন), পবিস মানব সম্পদ পরিদপ্তর , বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

৪) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ

৫) পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, কিশোরগঞ্জ

৬) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার----------------পবিস-১/২/৩/৪

৭) ডিজিএম-নান্দাইল/কটিয়াদী/হোসেনপুর জোনাল অফিস/সদর দপ্তর (কারিগরী), কিশোরগঞ্জ পবিস।

৮) এজিএম (ওএন্ডএম), নিকলী/কানুরামপুর সাব-জোনাল অফিস, কিশোরগঞ্জ পবিস।

৯) এজিএম (এইচআর/প্রশাসন/ইএন্ডসি/ওএন্ডএম/অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/সদস্য সেবা), কিশোরগঞ্জ পবিস।

১০) নোটিশ বোর্ড/ওয়েবসাইট, কিশোরগঞ্জ পবিস।

১১) অফিস কপি/ মাস্টার কপি।

কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি
মুকসেদপুর, কিশোরগঞ্জ
মানব সম্পদ বিভাগ
ওয়েব: pbs.kishoreganj.gov.bd

নম্বর ২৭.১২.৪৮৪৯.৫৩৪.০২.০০৮.২৩.৮৯ তারিখ: ১০ মাঘ ১৪২৯
২৪ জানুয়ারি ২০২৩

আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তি

কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর নিম্নবর্ণিত শূন্য পদে লোকবল নিয়োগের লক্ষ্যে প্যানেল প্রস্তুতের জন্য ইতোপূর্বে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে সন্তোষজনক ভাবে কর্মসম্পাদন করেছেন এমন আগ্রহী প্রার্থীগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| পদের নাম | বেতন ও অন্যান্য ভাতা | প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) **পদের সংখ্যাঃ** ২৮ টি (কম/বেশী হতে পারে) | সর্বশেষ যে পবিসের চাকুরী হতে ছাড়পত্র প্রদান করা হবে, সেই পবিসের প্রদত্ত এলপিসি (Last Pay certificate) অনুযায়ী মূল বেতন অথবা পবিস বেতন কাঠামো'২০১৬ এর সংশ্লিষ্ট পদের (গ্রেড-১) প্রারম্ভিক বেতন, যাহা বেশী, তাহা নির্ধারণ করা হবে এবং নিয়মানুযায়ী অন্যান্য ভাতাদি প্রদান করা হবে। | ক) আগ্রহী প্রার্থীর মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/ মিটার রিডার-কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৩ (তিন)/ ০৬ (ছয়) /০৯ (নয়) বছর বা তদুর্ধ্ব সময়ের ধারাবাহিক ও সন্তোষজনক ভাবে কর্মসম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ) বয়সসীমা সর্বোচ্চ ৫২ বছরের মধ্যে হতে হবে ।<br>গ) অভিজ্ঞতা সম্পন্ন মিটার রিডার/ ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জারগণ তাদের পূর্তবন শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে উক্ত পদে নিয়োগের জন্য আবেদন করতে পারবেন।<br>ঘ) **কিশোরগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা, ময়মনসিংহ জেলার নান্দাইল উপজেলার স্থায়ী বাসিন্দাদের এবং কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতিতে ইতিপূর্বে যারা চাকুরী করেছেন/ ইতোপূর্বে অন্য কোন সংস্থায় ও পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্ত/ স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের উক্ত পদে আবেদন করার প্রয়োজন নেই।**<br>ঙ) যোগদানের সময় নিরাপত্তা জামানত বাবদ ১০,০০০/-(দশ হাজার) টাকা জমা দিতে হবে, যা সন্তোষজনক চাকুরী সমাপনান্তে ফেরৎযোগ্য।<br>চ) আবেদনের সাথে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে মিটার রিডার/ ম্যাসেঞ্জার/ মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে বিভিন্ন মেয়াদে চাকুরীর অভিজ্ঞতার বিপরীতে সংশ্লিষ্ট পবিস সমূহের প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে । |

**অন্যান্য শর্তাবলীঃ**

০১। **আবেদনপত্র পূরণ ও জমাদানঃ** কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর ওয়েব সাইট (**www.pbs.kishoreganj.gov.bd**) হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ-১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোড পূর্বক নিজ হাতে পূরণ করে আগামী ১৫/০২/২০২৩ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, মুকসেদপুর, কিশোরগঞ্জ, বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে

আবেদনপত্র প্রেরণ করতে হবে। সাদা কাগজে লিখিত বা টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

০২। অভিজ্ঞতা সনদপত্রে উল্লেখিত প্রতিটি চুক্তিকাল তারিখসহ ছকে উল্লেকপূর্বক জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি স্পষ্টভাবে (কোন পবিসে কত তারিখ হতে কত তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করেছেন/করছেন) উল্লেখ থাকতে হবে।

০৩। আবেদন পত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অভিজ্ঞতার সনদপত্র, অন্যান্য সকল সনদ পত্রের সত্যায়িত অনুলিপি, সাম্প্রতিক কালের তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ, স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের মেয়রের নিকট হতে চারিত্রিক সনদপত্র সংযুক্ত করতে হবে।সকল সনদের ফটোকপি **১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা** কর্তৃক সত্যায়িত হতে হবে।

০৪। আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখে প্রার্থীর বয়স সর্বোচ্চ ৫২ বৎসরের মধ্যে হতে হবে । বয়সের ক্ষেত্রে কোন এ্যাফিডেভিট গ্রহণযোগ্য নয় ।

০৫। সংশ্লিষ্ট পদে নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বৎসর মেয়াদে চুক্তিভিত্তিতে নিয়োগ করা হবে । চুক্তিকালীন সময়ে অর্পিত দায়িত্ব যথাযথভাবে সম্পাদন, বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশান রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে চুক্তিকালীন সময় উত্তীর্ণ হওয়ার পর নূন্যতম ০২/০১ (দুই/ এক) দিনের বিরতী দিয়ে পরবর্তী ০৩ (তিন) বৎসরের জন্য পুনরায় চুক্তি নবায়ন করা যেতে পারে । এভাবে সর্বোচ্চ ০৩ মেয়াদে (৩+৩+৩) মোট ০৯ (নয়) বৎসর চাকুরীতে বহাল রাখা হবে । তবে কোন অবস্থাতেই চুক্তিতে ০৯(নয়) বৎসরের অধিককাল চাকুরী অথবা জন্ম তারিখ মোতাবেক ৫৫(পঞ্চান্ন) বৎসরের বেশী (যেটি আগে আসে) তিনি অত্র পবিসের চাকুরীতে নিয়োজিত থাকতে পারবেন না ।

০৬। প্রার্থীর নিজস্ব বাইসাইকেল থাকা ও চালনায় পারদর্শী হতে হবে ।

০৭। চুক্তিকালীন সময়ে প্রতি বছরান্তে একটি নির্দিষ্ট ফরমে বার্ষিক কর্মমূল্যায়ন করা হবে। সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে নির্ধারিত মূল বেতনের সাথে একটি বার্ষিক প্রবৃদ্ধি প্রদান পূর্বক পরবর্তী বছরের মূল বেতন নির্ধারণ করা হবে। যাহা চুক্তির মেয়াদ উর্ত্তীণের পূর্ব পর্যন্ত চলমান থাকবে।

০৮। অত্র পবিসের এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও পবিসের কর্মকর্তা/কর্মচারীদের অথবা তাদের স্বামী/স্ত্রীর রক্তের সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না।

০৯। ইতোপূর্বে অন্য কোন সংস্থায় ও পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই ।

১০। অসম্পূর্ণ আবেদন তথা নির্ধারিত আবেদনপত্রটি যথাযথভাবে পূরণ না করা হলে বা আংশিক পূরণ করা হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যের গড়মিল পাওয়া গেলে আবেদনপত্র বাছাই প্রক্রিয়ার যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে । এছাড়াও এরূপ অসত্য ও উদ্দেশ্যমূলক তথ্য প্রদান করে নিয়োগ প্রাপ্ত হলেও পরবর্তী যে কোন সময় বিষয়টি কর্তৃপক্ষের দৃষ্টি গোচর হলে তাকে চাকুরী হতে বিনা নোটিশে বরখাস্ত এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে । যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদন পত্রে কোন অংশ প্রযোজ্য না হয় সে ক্ষেত্রে "প্রযোজ্য নয়" উল্লেখ করতে হবে ।

১১। জ্যেষ্ঠতা নির্ধারনের ক্ষেত্রে বাপবিবোর্ডের স্মারক নং-২৭.১২.০০০০.১১০.৫৮.০০১.১৮.৩৬২৫, তারিখঃ ১২/১১/২০১৮খ্রিঃ এর নির্দেশনা অনুসরণ করা হবে।

১২। দুই বা তাঁর অধিক সহোদরের যে কোন একজন আবেদন করতে পারবেন। দুই সহোদর নিয়োগপ্রাপ্ত হলেও পরবর্তীতে তা প্রমাণিত হলে নিয়োগপ্রাপ্ত উভয়ের চুক্তিই বাতিল করা হবে।

১৩। চুক্তি ভিত্তিতে নিয়োজিত মিটার রিডার কাম ম্যাসেঞ্জার এর চাকুরী শুধুমাত্র চুক্তির মেয়াদকালীন সময়ের মধ্যেই বলবৎ থাকবে; যা কখনো কোনক্রমেই নিয়মিত হবে না।

১৪। চুক্তি ভিত্তিতে নিয়োজিত মিটার রিডার কাম ম্যাসেঞ্জারগণ কোন বিদ্যুৎ সংক্রান্ত ব্যবসা, রাজনীতি বা অন্য কোন প্রতিষ্ঠানে চাকুরীতে সর্বক্ষনিক বা খন্ডকালীন ভাবে নিয়োজিত হতে বা থাকতে পারবেন না।

১৫। নিয়োগের ক্ষেত্রে বেশী অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।

১৬। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে ।

২৪-১-২০২৩
জুলফিকার
জেনারেল ম্যানেজার (চলতি দায়িত্ব)
ইমেইল: kishpbs@yahoo.com

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড ।

২) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড ।

৩) পরিচালক (প্রশাসন), পবিস মানব সম্পদ পরিদপ্তর , বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড ।

৪) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস।

৫) ডিজিএম, নান্দাইল/কটিয়াদী/হোসেনপুর/করিমগঞ্জ/মিঠামইন/পাকুন্দিয়া/তাড়াইল জোনাল অফিস, (কারিগরী)সদর দপ্তর, কিপবিস ।

৬) এজিএম (ওএন্ডএম), নিকলী/কানুরামপুর সাব-জোনাল অফিস, কিপবিস ।

৭) এজিএম (অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/ সদস্য সেবা/ প্রশাসন/ ওএন্ডএম/ইএন্ডসি/আইটি/এইচআর), কিপবিস।

৮) জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি-১), আইটি বিভাগ, কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি। (ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা নিবেন)

৯) অফিস কপি/ মাষ্টার কপি।

কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি স্থাপিত-১৯৮০ ইং কিশোরগঞ্জ

# কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর "মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)" পদে নিয়োগ লাভের প্যানলে তৈরীর জন্য আবেদন ফরম

কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

**( সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে )**

পাসপোর্ট সাইজের এক কপি ছবি এ ঘরে আইকা/আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে।

জেনারেল ম্যানেজার
কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি
মুকসেদপুর, কিশোরগঞ্জ।

.................................................... ০১.নিয়োগ বিজ্ঞপ্তি নং-০১/২০২৩

.................................................... ০২. আবেদনকৃত পদের নাম (বিজ্ঞপ্তিতে যে ভাবে উল্লেখ আছে)

.................................................... ০৩. পদের ধরনঃ

.................................................... ০৪. বিজ্ঞপ্তির স্মারক

.................................................... ০৫.প্রকাশের তারিখ

.................................................... ০৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়)

.................................................... বড় হাতের অক্ষরে ইংরেজীতে

.................................................... ০৭. জন্ম তারিখ (শিক্ষাগত যোগ্যতার সনদ অনুযায়ী)

০৮. মাতার নাম- ....................................................

--------/-------/---------(দিন/মাস/বছর)
০৯. বয়স (২৪/০১/২০২৩খ্রিঃ তারিখে)

১০. পিতার নাম- ....................................................

১১. ধর্ম ....................................................

১২. জাতীয়তা - ....................................................

১৩.নিজ জেলা ....................................................

১৪. টেলিফোন/ মুঠোফোন নম্বর- ....................................................

১৫. বৈবাহিক অবস্থা টিক (√) দিন
বিবাহিত / অবিবাহিত

১৬. পবিসে উক্ত পদে সর্বমোট চাকুরী কাল (চুক্তি অনুযায়ী)- ....................................................

১৭। পবিসে প্রথম যোগাদনের তারিখঃ- ....................................................

১৮। স্থায়ী ঠিকানাঃ

............................ ক. গ্রাম/সড়ক/বাড়ী

............................ খ. ডাকঘর

............................ গ. উপজেলা/ থানা

............................ ঘ. জেলা

১৯. যে ঠিকানায় প্রার্থী নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুকঃ

............................ ক. গ্রাম/সড়ক/বাড়ী ...................... খ. ডাকঘর ............................... গ. উপজেলা/ থানা ........................ ঘ. জেলা

20. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পুরন করতে হবে) ঃ

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ/বিভাগ/শ্রেণী | | সার্টিফিকেট/ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | সিজিপিএ স্কেল | প্রাপ্ত বভাগ/শ্রেণী/গ্রেড | |
| ------------ শ্রেণী | | | | |
| এসএসসি/সমমান | | | | |
| এইচএসসি/সমমান | | | | |
| স্নাতক | | | | |

২১.অভিজ্ঞতার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হতে হবে)ঃ

| পবিসের নাম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ | চাকুরীকাল(বছর) |
|---|---|---|---|
| ১। | | | |
| ২। | | | |
| ৩। | | | |

২২. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্নীয় ব্যতীত)ঃ

| নাম, পদবী/পেশা,ঠিকানা,টেলিফোন/মুঠো ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ০১। |
| ০২। |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্র কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পুরন করা হয়নি বলে পরবর্তীতে প্রমানিত হয়, তাহলে বাপবিবোর্ড/পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হব এবং আমার বিরুদ্ধে বাপবিবো কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকব।

------------------------------------- তারিখ

--------------------------- আবেদনকারীর স্বাক্ষর

ISO 9001:2015 Certified

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১
চাটমোহর, পাবনা।

ফোন-অফিস - ০২-৫৮৮৪৮৫০১
অভিযোগ কেন্দ্র - ০২-৫৮৮৪৮৩৩৬
ই-মেইল ঠিকানা - pbs1pabna@gmail.com
ওয়েব সাইট - www.pbs1.pabna.gov.bd

স্মারক নং-২৭.১২.৭৬২২.৫০৭.০২.০০৮.২৩. ৫৭২

তারিখঃ ১৫ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ
২৯ জানুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১, চাটমোহর, পাবনা এর নিম্নোক্ত **"ডাটা এন্ট্রি অপারেটর"** ও **"অফিস সহায়ক"** শূন্য পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর জন্য প্রকৃত যোগ্যতা সম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে জেনারেল ম্যানেজার, পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১, চাটমোহর, পাবনা বরাবর আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | বেতন স্কেল | পদের সংখ্যা | প্রার্থীর যোগ্যতা | যে জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ০১। | ডাটা এন্ট্রি অপারেটর (মহিলাদের জন্য সংরক্ষিত) | পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৮,৩০০.০০ হতে ৪৬,২৪০.০০ এবং নিয়ম অনুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন। | ০২ টি (কম বেশী হতে পারে) | (ক) এসএসসি বা সমমান ও এইচএসসি বা সমমান পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ অথবা সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ২.২৫ অথবা জিপিএ ৫.০০ এর মধ্যে জিপিএ ন্যূনতম ২.৫০ থাকতে হবে।<br>(খ) কম্পিউটারে বাংলা ও ইংরেজীতে টাইপিং গতি প্রতি মিনিটে যথাক্রমে ন্যূনতম ২০ (বিশ) শব্দ ও ৩০ (ত্রিশ) শব্দ তৈরীতে সক্ষম হতে হবে। ওয়ার্ড প্রসেসিংসহ কম্পিউটার ও অফিস যন্ত্রপাতি পরিচালনায় দক্ষতা ও এর উপর পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।<br>(গ) বাংলা ও ইংরেজী ব্যাকরনে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। বানান, উচ্চারণ, বাক্য গঠন,শব্দ তৈরী সম্পর্কে সঠিক ধারণা থাকতে হবে।<br>(ঘ) পরিচ্ছন্ন ও গোছানো কাজে সক্ষমতা থাকতে হবে।<br>(ঙ) ফাইলিং পদ্ধতি, পত্র যোগাযোগ, তথ্য ও ফাইল ডাটা সমন্ধে যথাযথ জ্ঞান থাকা বাঞ্চনীয়।<br>(চ) ওয়ার্ড প্রসেসিং এন্ড প্রিন্টিং ও কম্পিউটার বিষয়ে মৌলিক জ্ঞান সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। | বাগেরহাট, বরগুনা, বরিশাল, ভোলা, ব্রাহ্মনবাড়িয়া, চাঁদপুর, চট্টগ্রাম, কুমিল্লা, কক্সবাজার, ঢাকা, দিনাজপুর, ফরিদপুর, ফেণী, গাজীপুর, গোপালগঞ্জ, হবিগঞ্জ, জামালপুর, যশোর, ঝালকাঠি, খাগড়াছড়ি, খুলনা, কিশোরগঞ্জ, লক্ষীপুর, লালমনিরহাট, মৌলভীবাজার, মুন্সিগঞ্জ, ময়মনসিংহ, নারায়নগঞ্জ, নরসিংদী, নেত্রকোনা, নোয়াখালী, পঞ্চগড়, পটুয়াখালী, রাঙ্গামাটি, রংপুর, সাতক্ষীরা, শরিয়তপুর, শেরপুর, সুনামগঞ্জ, সিলেট, ঠাগুরগাঁও |
| ০২। | অফিস সহায়ক | পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৫,৫০০.০০ হতে ৩৯,১৭০.০০ এবং নিয়ম অনুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন। | ০২ টি (কম বেশী হতে পারে) | (ক) শিক্ষাগত যোগ্যতাঃ এসএসসি/সমমান পাশ।<br>(খ) প্রার্থীকে সৎ, নিষ্ঠাবান ও উন্নত চরিত্রের অধিকারী হতে হবে।<br>(গ) সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে।<br>(ঘ) বাইসাইকেল চালনা জানতে হবে ও নিজস্ব বাইসাইকেল থাকতে হবে। | |

**শর্তাবলীঃ-**

০১। **আবেদনপত্র পূরণ ও জমাদানঃ** পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১, চাটমোহর, পাবনা এর ওয়েবসাইট (www.pbs1.pabna.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ-১১০-০০২, ভার্শন-০১) ডাউনলোড পূর্বক স্বহস্তে পুরণ করে আগামী ১৩/০২/২০২৩খ্রিঃ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১, চাটমোহর, পাবনা বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে আবেদনপত্র পৌঁছাতে হবে। সাদা কাগজে লিখিত বা টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

০২। ১৩/০২/২০২৩ খ্রিঃ প্রার্থীর সর্বোচ্চ বয়স সীমা ৩০ (ত্রিশ) বছর। তবে মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে সর্বোচ্চ বয়স সীমা ৩২ (বত্রিশ) বছর।

০৩। <u>আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ</u>

(ক) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গীন ছবি;

(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ এর সত্যায়িত অনুলিপি;

(গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি;

(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন এর চেয়ারম্যান/মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ পত্র;

(ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার অথবা বাপবিবো/পবিস এর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

(চ) জেনারেল ম্যানেজার, পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১, চাটমোহর, পাবনা এর অনুকূলে প্রতি পদের বিপরীতে ১০০.০০ (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট অথবা ক্রসড পোষ্টাল অর্ডার সংযুক্ত করতে হবে।

০৪। আবেদন পত্রের সাথে সংযুক্ত সকল কাগজ পত্র প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ও নাম পদবী সম্বলিত সীল থাকতে হবে।

০৫। সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং আবেদনপত্র নির্ধারিত তারিখের মধ্যে পৌঁছাতে হবে।

০৬। নিয়োগের ক্ষেত্রে সকল ধরণের সরকারী কোটা নীতি অনুসরণ করা হবে। নিয়োগকালে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানগণের ক্ষেত্রে সরকার নির্ধারিত কোটা সংরক্ষণ করা হবে। তবে সে ক্ষেত্রে আবেদনপত্রের সাথে সরকারী নির্দেশ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

০৭। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৮। ইতিপূর্বে কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী কারো উক্ত পদে আবেদন করার প্রয়োজন নাই।

০৯। অত্র সমিতির বোর্ড পরিচালক/মহিলা পরিচালক, কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেহ অথবা তাদের স্বামী/স্ত্রীদের রক্তের সম্পর্কীয় কেহ আবেদন করতে পারবেন না।

১০। প্রার্থীকে বাংলাদেশের যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে চাকুরী করতে সম্মত থাকতে হবে।

১১। অসম্পূর্ণ/ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১২। প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কোন তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে এবং পরবর্তীতে তা প্রমাণিত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে বরখাস্তকরণসহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩। বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মুহূর্ত পর্যন্ত কোন পদে নিয়োগ/বদলী/পদোন্নতির মাধ্যমে কোন জেলা কোটা পূরণ হলে সে জেলার প্রার্থীদের আবেদন বিবেচনা করা হবে না।

১৪। উল্লিখিত পদের জন্য মুক্তিযোদ্ধা/শহীদযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান হলে খামের উপর তা সু-স্পষ্ট ভাবে উল্লেখ করতে হবে।

১৫। অসম্পূর্ণ আবেদন তথা নির্ধারিত আবেদন পত্রটি যথাযথ ভাবে পূরণ না করা হলে বা আংশিক পূরণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যের গড়মিল পাওয়া গেলে আবেদন পত্র বাছাই প্রক্রিয়া অর্থাৎ লিখিত/ব্যবহারিক/মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদন পত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সেই ক্ষেত্রে **"প্রযোজ্য নয়"** উল্লেখ করতে হবে।

১৬। খামের উপর প্রার্থিত পদের নাম সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে এবং আবেদন পত্র A4 সাইজের খামে প্রেরণ করতে হবে।

১৭। নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের সময় প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৮। অত্র নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে নিয়োগ প্রদানে কর্তৃপক্ষ বাধ্য নহে।

29-01-23
(মোঃ আকমল হোসেন)
জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধ সহ) জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়।**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃঅঃ)/ পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো)।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ------------------------- পবিস-১/২/৩/৪।
০৫। ডিজিএম (কারিগরী)/ দাশুড়িয়া/আটঘরিয়া/ভাংগুড়া জোনাল অফিস, পাবনা পবিস-১।
০৬। এজিএম (ওএন্ডএম), ফরিদপুর সাব-জোনাল অফিস, পাবনা পবিস-১।
০৭। এজিএম (অর্থ/ওএন্ডএম/সদস্য সেবা/ইএন্ডসি/আইটি/মানব সম্পদ), পাবনা পবিস-১।
০৮। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), পাবনা পবিস-১, পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য।
০৯। নোটিশ বোর্ড, পাবনা পবিস-১।

29-01-23
(মোঃ আকমল হোসেন)
জেনারেল ম্যানেজার